

Inaugural launch of online Pre-departure Orientation Training Programme

April 07, 2021

অনলাইন পি-ডিপার্চার ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রোগ্রামের আনুষ্ঠানিক উদ্বোধন

এপ্রিল 07, 2021

পিডিওটি কেন্দ্রগুলিতে অভিবাসী কর্মীদের জন্য সশরীরে প্রশিক্ষণের পরিপূরক হিসেবে প্রথম অনলাইন পি-ডিপার্চার ওরিয়েন্টেশন প্রশিক্ষণ (পিডিওটি) প্রোগ্রাম আজ চালু করা হয়। প্রোটেক্টর অব ইমিগ্রান্টস (পিওই) মুম্বাই এবং অন্যান্য পিওইর সহযোগিতায় বিদেশ মন্ত্রক কোভিড পরিস্থিতির সীমাবদ্ধতার পরিপ্রেক্ষিতে এবং প্রযুক্তির সহায়তা নিতে এই উদ্যোগ নিয়েছে। সম্ভাব্য অভিবাসীদের স্বার্থে কোভিডজনিত বিধিনিষেধ সহজ হবার পরেও যারা সশরীরে প্রশিক্ষণে অংশ নিতে পারবে না, তাদের সুবিধার্থে এবং এর প্রসার বৃদ্ধি করার জন্য, পরবর্তীকালেও অনলাইন পিডিওটি চালু থাকবে।

শ্রী সঞ্জয় ভট্টাচার্য, সচিব (সিপিভি এবং ওআইএ) অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন এবং নিরাপদ ও আইনী অভিবাসন নিশ্চিত করার জন্য পিডিও প্রশিক্ষণের গুরুত্বের উপর জোর দেন। সম্ভাব্য অভিবাসীরা ব্যক্তিগতভাবে বা অনলাইনে অংশ নেওয়ার বিকল্প পেতে পারেন, বিশেষত যাদের পক্ষে পিডিওটি কেন্দ্র অনেক দূরে। তিনি বলেন, অভিবাসী কর্মীদের তাদের গন্তব্য দেশের সংস্কৃতি, ভাষা এবং নিয়মকানুন সম্পর্কে জানার জন্য, তাদের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করতে পিডিও প্রশিক্ষণ সহায়তা করবে। এছাড়াও, এই প্রকল্পটি সরকার গৃহীত কল্যাণমূলক পদক্ষেপসমূহ যেমন, ভারতীয় সম্প্রদায় কল্যাণ তহবিল (আইসিডার্লএফ), প্রবাসী ভারতীয় বিমা যোজনা (পিবিবিওয়াই), ই-মাইগ্রেট পোর্টাল, এমএডিএডি পোর্টাল, প্রবাসী ভারতীয় সহায়তা কেন্দ্র (পিবিএসকে) এবং ভারতীয় দূতাবাস এবং কনসুলেটগুলিতে 24x7 হেল্পলাইন সম্পর্কে জানার সুযোগ দেয়।

সমস্ত পিওই, এনএসডিসি, রাজ্য সরকার, রিক্রুটিং এজেন্টস (আরএ) এবং পিডিওটি কেন্দ্রগুলি এই উদ্যোগ এগিয়ে নেওয়ার জন্য প্রস্তুত যার ফলে সর্বাধিক সংখ্যক সম্ভাব্য অভিবাসী তাদের প্রশ্বানের আগে প্রশিক্ষণ লাভ করতে পারে। পিওই মুম্বাই আয়োজিত হাইব্রিড মডিউলটিতে, সশরীরে এবং অনলাইন, উভয় ক্ষেত্রেই সম্ভাব্য অভিবাসীরা এবং অভিবাসন চক্রের সমস্ত অংশীদার উপস্থিত ছিলেন। এই উদ্যোগ সম্ভাব্য অভিবাসীদের আরও উন্নত দক্ষতা সরবরাহ করবে এবং অভিবাসনের সময় তাদের আরও সমর্থ করে তুলবে, এই বিষয়ে মন্ত্রণালয় আশাবাদী।

নিউ দিল্লি

এপ্রিল 07, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.